

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ মে'২০২৪খ্রিঃ

ঘূর্ণিঝড় রেমাল:

ঝুঁকিপূর্ণ এলাকা ছাড়তে মাইকিং করছে চসিক, চালু হয়েছে কন্ট্রোলরুম ঘূর্ণিঝড় রেমালের ক্ষয়ক্ষতি এড়াতে ঝুঁকিপূর্ণ এলাকা ছাড়তে মাইকিং করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এছাড়া জনগণকে তথ্যসেবা দিতে নগরীর দামপাড়াস্থ চসিকের বিদ্যুৎ বিভাগে চালু করা হয়েছে জরুরী কন্ট্রোল রুম। দুর্ঘোষণা না কাটা পর্যন্ত শনিবার দুপুরে চালু হওয়া এ কন্ট্রোল রুম থেকে ২৪ ঘণ্টা দুর্ঘোষণাবলিত জনগণের প্রয়োজনীয় সেবা প্রদান করা হবে। কন্ট্রোল রুমের নম্বর ০১৮১৮৯০৬০৩৮। চসিকের গৃহীত পদক্ষেপ সম্পর্কে চসিক সচিব মোহাম্মদ আশরাফুল আমিন বলেন, রেমালের ক্ষয়ক্ষতি কমাতে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর নির্দেশে কন্ট্রোল রুম খোলা হয়েছে। রেমালের ঝুঁকি না কমা পর্যন্ত কন্ট্রোল রুম থেকে নাগরিকদের তথ্য সেবা দেয়া হবে। এছাড়া, আমরা রেড ক্রিসেন্টের সহায়তায় ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে মাইকিং শুরু করেছি যাতে ঝুঁকিতে থাকা নাগরিকরা নিরাপদ আশ্রয়ে চলে যান। এছাড়া, জরুরি প্রয়োজনে বিতরণের জন্য শুকনো খাবারের ত্রাণও প্রস্তুত করা হয়েছে। রোববার সকাল সাড়ে ১১টায় নগরীর টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে মেয়র রেজাউল করিমের সভাপতিত্বে দুর্ঘোষণা মোকাবিলায় করণীয় নির্ধারণে সভা হবে বলে জানান তিনি। রেড ক্রিসেন্টের কার্যক্রম- ঘূর্ণিঝড় য়াঁড়ঃঃ;রেমালয়ঁড়ঃঃ; মোকাবেলায় চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্ট কার্যালয়ে বিকাল ৪টায় পূর্ব প্রস্তুতিমূলক জরুরি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এর পরিপেক্ষিতে চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্ট কার্যালয়ে জরুরী ভিত্তিতে একটি কন্ট্রোল রুম এর কাজ শুরু করা হয়।

কন্ট্রোল রুমের নাম্বার(০১৬০৩৯০০৯৭৭)। এছাড়া, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কন্ট্রোল রুমে রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবকরা সহযোগিতা প্রদান করেন। নগরীর ৩৮,৩৯,৪০,৪১ নং ওয়ার্ডে জনগণকে সচেতনতা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সহযোগিতায় মাইকিং কার্যক্রম পরিচালনা করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮